# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 19 April, 2025

কুমিল্লার নাঙ্গলকোটে গৃহবধূকে (২২) শিকল দিয়ে হাত-পা বেঁধে ধর্ষণের অভিযোগে ইমাম হোসেনকে (২৪) নামে এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ।শুক্রবার (১৮ এপ্রিল) রাতে তাকে গ্রেফতার করা হয়।

নির্যাতনের শিকার ওই গৃহবধূর অভিযোগ, বৃহস্পতিবার রাতে দেশিয় অস্ত্র নিয়ে ঘরের দরজা ভেঙে প্রবেশ করে তিন ব্যক্তি।পাশবিক নির্যাতন চালানোর পাশাপাশি ওই দুর্বৃত্তরা ঘরে থাকা টাকা, স্বর্ণালংকারসহ মালামাল লুট করে নিয়েছে।নির্যাতন ও লুট শেষে পালিয়ে যাওয়ার সময় তারা ঘরের জামাকাপড়ে আগুন ধরিয়ে দেওয়া হয়।শুক্রবার থানায় লিখিত অভিযোগ দিয়েছি।

তিনি বলেন, ঘটনার সময় আমার মেয়ে ঘুমে ছিল।আমি বারবার তাদের কাছে মিনতি করেছি ক্ষতি না করার জন্য।কিন্তু তারা আমার কোনো কথাই না শুনে একের পর এক অমানবিক নির্যাতন চালিয়ে গেছে।আমার আলমারি থেকে জামাকাপড় নিচে ফেলে যাওয়ার সময় আগুন ধরিয়ে দেয় তারা।আমি এই লম্পটদের বিচার চাই এবং তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই।

নাঙ্গলকোট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ কে ফজলুল হক জানান, প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পেয়ে অভিযোগটিকে মামলা হিসেবে রেকর্ড করেছে।মামলায় দুজনের নাম উল্লেখ করে একজনকে অজ্ঞাতনামা আসামি করা হয়েছে।শুক্রবার রাতে অভিযান চালিয়ে মূলহোতা ইমাম হোসেনকে গ্রেপ্তার করা হয়েছে।

ধর্ষণ মামলা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 17:38

URL: https://www.timestodaybd.com/chittagong/5798991055